

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২৮৯

১১/ জানাযা

পরিচ্ছেদঃ মৃতের নিকট কী বলা যাবে এবং মৃতের পরিজনরা কী বলবে?□

আরবী

وَعَنْ أَبِي مُوسَى أَنَّ رَسُولَ اللهِ عَلَيْ قَالَ إِذَا مَاتَ وَلَدُ العَبْدِ قَالَ اللهُ تَعَالَى لِمَلائِكَتِهِ: قَبَضْتُمْ وَلَدَ عَبْدِي ؟ فَيَقُولُونَ : نَعَمْ فَيَقُولُ : قَبَضْتُمْ ثَمَرَة فُوَّادِهِ ؟ فَيَقُولُونَ : نَعَمْ فَيَقُولُ : قَبَضْتُمْ ثَمَرَة فُوَّادِهِ ؟ فَيَقُولُونَ : نَعَمْ فَيَقُولُ : مَاذَا قَالَ عَبْدِي؟ فَيَقُولُونَ : حَمِدَكَ وَاسْتَرْجَعَ فَيَقُولُ اللهُ تَعَالَى : ابْنُوا لِعَبْدِي بَيْتاً فِي الجَنَّةِ وَسَمُّوهُ بَيْتَ الحَمْدِ رواه الترمذي وَقَالَ حَدِيْثٌ حسن

বাংলা

(১২৮৯) আবূ মূসা (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যখন কোন বান্দার সন্তান মারা যায় আল্লাহ ফিরিশতাদেরকে বলেন, তোমরা আমার বান্দার সন্তানের প্রাণ নিয়েছ? তাঁরা বলেন, হ্যাঁ। অতঃপর আল্লাহ বলেন, তোমরা তার অন্তরের ফল কেড়ে নিয়েছ? তাঁরা বলেন, হ্যাঁ। তারপর তিনি বলেন, আমার বান্দা কী বলেছে? তাঁরা উত্তরে বলেন, সে তোমার প্রশংসা করেছে এবং 'ইয়া লিল্লা-হি অইয়া ইলাইহি রা-জিউন' পড়েছে।' আল্লাহ তাআলা বলেন, তোমরা আমার বান্দার জন্য জায়াতে একটি গৃহ নির্মাণ কর এবং তার নাম রাখ 'প্রসংশা-গৃহ।'

ফুটনোট

(আহমাদ ১৯৭২৫, তিরমিয়ী ১০২১, বাইহাকী ৭৩৯৭, ইবনে হিব্বান ২৯৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন